

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ে গঠিত ইনোভেশন টিমের মে ২০১৭ মাসের সভার কার্যবিবরণীঃ

| | |
|--------|---|
| সভাপতি | জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, ভারপ্রাপ্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | ০১.০৬.২০১৭ খ্রিস্টাব্দ। |
| সময় | বেলা ১২.০০ ঘটিকা। |
| স্থান | ২য় তলার সম্মেলন কক্ষে (কক্ষ নং-২১১) |

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ও পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার জনাব কমল কৃষ্ণ ভট্টাচার্য কে আহ্বান করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বাংসরিক উভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহ্বান করা হয়েছে। সে অনুযায়ী বিভাগিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|--------------|---|---|---|
| ০১ | রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম সর্বশেষ পুনর্গঠন করা হয় ০২/০৬/২০১৪ খ্রিঃ। সম্প্রতি এ মন্ত্রণালয়ের গঠিত ইনোভেশন টিমের কয়েকজন সদস্য অন্য মন্ত্রণালয়ে বদলি হওয়ার কারণে ইনোভেশন টিম পুনর্গঠন করার বিষয়ে আলোচনা হয়। | অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিম্নরূপভাবে পুনর্গঠন করা হয়। ১। জনাব কমল কৃষ্ণ ভট্টাচার্য, অতিরিক্ত সচিব ---চিফ ইনোভেশন অফিসার ২। জনাব মুহাম্মদ আকবর হসাইন, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ---সদস্য ৩। জনাব মোঃ আবদুর রউফ, যুগ্ম সচিব (প্রশাসন) ---সদস্য ৪। জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্ম সচিব (আইন) ---সদস্য ৫। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ সচিব (প্রশাসন) ---সদস্য ৬। জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার ---সদস্য | ১। অতিরিক্ত সচিব রেলপথ মন্ত্রণালয় ২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় |
| ০২ | অত্র মন্ত্রণালয়ের সোস্যাল মিডিয়া হিসেবে ফেসবুক পেজ তৈরী এবং ফেসবুক পেজের লিংক স্ব স্ব দপ্তরের পোর্টালে সামাজিক যোগাযোগ বাটনে যুক্ত করা এবং উক্ত | ইনোভেশন আইডিয়া আহ্বান বিষয়ক ফেসবুক পেজ তৈরী এবং ফেসবুক পেজের লিংক স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালে যুক্ত এবং | ১। অতিরিক্ত সচিব রেলপথ মন্ত্রণালয় ২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় |

| | | | |
|----|--|---|--|
| | <p>ফেসবুক পেজে এ মন্ত্রণালয়ের গঠিত ইনোভেশন টিমের সদস্যদের লিংক করা এবং এ টিমের পরবর্তী সভাতে অংশীজন হিসেবে ফেসবুক ফ্যানস ক্লাবগুলিকে আমন্ত্রণ করার বিষয়ে আলোচনা হয়।</p> | <p>উক্ত ফেসবুক পেজে এ মন্ত্রণালয়ের গঠিত ইনোভেশন টিমের সদস্যদের লিংক স্থাপন এবং এ টিমের পরবর্তী সভাতে অংশীজন হিসেবে ফেসবুক ফ্যানস ক্লাবগুলিকে আমন্ত্রণ করতে হবে।</p> | |
| ০৩ | <p>শুধুমাত্র ঢাকা কমলাপুর রেলস্টেশন প্লাটফরম থেকে যাত্রীদের ট্রেনে উঠা নামার সুবিধার্থে কুলিদের সাহায্যে কাঠের সিডি ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), জেনারেল ম্যানেজার (পূর্ব) এর সাথে আলোচনা করে কাঠের সিডি ব্যবহারের বিষয়ে একটি প্রতিবেদন পেশ করার কথা উল্লেখ করেন।</p> | <p>ঢাকা কমলাপুর রেলস্টেশন প্লাটফরম থেকে যাত্রীদের ট্রেনে উঠা নামার সুবিধার্থে কুলিদের সাহায্যে কাঠের সিডি ব্যবহারের বিষয়ে বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) একটি প্রতিবেদন দিবেন।</p> | <p>১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে</p> |
| ০৪ | <p>ইনোভেশন আইডিয়া পাওয়ার জন্য ইনোভেশন বক্স ঢাকার কমলাপুর রেলস্টেশনে স্থাপন এবং ইনোভেশন বক্সের গায়ে লেখার জন্য একটি স্ক্রীপ্ট প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়।</p> | <p>ইনোভেশন আইডিয়া পাওয়ার নিমিত্ত ইনোভেশন বক্স ঢাকার কমলাপুর রেলস্টেশনে স্থাপন এবং ইনোভেশন বক্সে ব্যবহারের জন্য একটি স্ক্রীপ্ট প্রস্তুত করতে হবে।</p> | <p>১। উপ সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় ২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়</p> |
| ০৫ | <p>বাংলাদেশ রেলওয়েতে হট লাইন স্থাপনের নিমিত্ত যে শর্ট কোড (১৩১) বরাদ্দ পাওয়া গিয়েছে উহার কলরেট এবং বাংলাদেশ রেলওয়ের ট্রেন ট্যাকিং ও মনিটরিং সিস্টেম পর্যবেক্ষণ করার জন্য মোবাইল এসএমএস এর মাধ্যমে ১৬৩১৮ নম্বর ব্যবহার করা হয়; উহার কলরেট কমানোর জন্য বিটিআরসি কে পত্র দেওয়ার বিষয়ে আলোচনা হয়।</p> | <p>বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত হট লাইন শর্ট কোড (১৩১) এবং বাংলাদেশ রেলওয়ের ট্রেন ট্যাকিং ও মনিটরিং সিস্টেম পর্যবেক্ষণ করার জন্য মোবাইল এসএমএস এর মাধ্যমে ১৬৩১৮ নম্বর ব্যবহার এর কলরেট কমানোর বিষয়ে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয়ঃ</p> <p>১। জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে ২। জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্ম সচিব (আইন), রেলপথ মন্ত্রণালয় ৩। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় ৪। জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়</p> | <p>১। জনাব নাসির উদ্দিন আহমেদ, সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে ২। জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্ম সচিব (আইন), রেলপথ মন্ত্রণালয় ৩। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় ৪। জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়</p> |

| | | | |
|--|--|---|--|
| | | ৪। জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার ---সদস্য। এ বিষয়ে বর্ণিত কমিটি আগামী ২০ দিনের মধ্যে একটি প্রতিবেদন দিবেন। | |
|--|--|---|--|

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
তারপ্রাপ্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়,
রেলওবন, ঢাকা